127

দৈনিক ইত্তেফাক

তারিখ 12 MAY 1994
পৃষ্ঠা 7 কলাম 6

## আজ ঢাকা ভার্সিটিতে ধর্মঘট

ইত্তেফাক রিপোর্ট ।। গত ২রা মে জহুরুল হক হলে জনৈকা

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটিতে ধর্মঘট

(১ম পৃঃ পর)

তরুণী লাঞ্ছিত হওয়ার ঘটনার প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন ও সাধারণ ছাত্র-ছাত্রীরা আজ (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূর্ণ দিবস ধর্মঘট পালনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। ধর্মঘটের সমর্থনে সাধারণ ছাত্র ঐক্য পরিষদ গতকাল বুধবার অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও হল প্রভোষ্টের পদত্যাগ দাবী করিয়াছে। রিতা ও পশিয়া সমাবেশে বক্তৃতা করেন।

গতকাল সন্ধ্যায় টি,এস,সিতে ছাত্রলীগের (ম-ই) এক সমাবেশে বলা হয়, তরুণী লাঞ্ছিত হওয়ার ঘটনা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যকে ভুলুণ্ঠিত করিয়াছে। অথচ কর্তৃপক্ষ এখনও পর্যন্ত এই ব্যাপারে উদাসীনতার পরিচয় দিতেছে। গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতৃবৃন্দ এক বিবৃতিতে এই ধর্মঘটের প্রতি সমর্থন জানাইয়াছে।

ছাত্র দল গতকাল ডাকসু ভবনের সম্মুখে এক ছাত্র সমাবেশে জহুরুল হক হলে তরুণী লাঞ্ছিত হওয়ার ঘটনার সহিত জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে অবিলম্বে দৃষ্টান্তমূলক শাস্তি দানের ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানাইয়াছে। আওলাদ হোসেন ফারুক, শাহজাহান হাওলাদার সুজন, নসরুল্লাহ খান জুনায়েদ প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন। সমাবেশের পূর্বে একটি বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ শাহাদাত আলী ও সাধারণ সম্পাদক ডঃ আ, আ, ম, স, আরেফিন সিদ্দিক গতকাল এক বিবৃতিতে বলিয়াছেন, জহুরুল হক হলে গত ২রা মে সংঘটিত দুষ্কর্মের যে বর্ণনা পত্র-পত্রিকায় প্রকাশিত হইয়াছে, তাহাতে আমরা বিস্মিত হইয়াছি। ছাত্রাবাসে এইরূপ কদর্য ও বীভৎস ঘটনা কল্পনাতীত। বিবৃতিতে এই ঘটনার পূর্ণ তদন্ত ও দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানানো হয়।